

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - বিকৃতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৫. ২. ১৭. যীশুর পুনরুত্থান বিষয়ে পাক-কিতাবের উদ্ধৃতি

যোহন লেখেছেন যে, যীশুর কবরে যীশুর লাশ না দেখে মগদলীনী মরিয়ম পিতর ও অন্য শিষ্যকে সংবাদ দেন। তারা কবরের ভিতরে প্রবেশ করেন "এবং দেখিলেন ও বিশ্বাস করিলেন। কারণ এ পর্যন্ত তাহারা শাস্ত্রের এই কথা বুঝেন নাই (they knew not the scripture) যে, মৃতগণের মধ্য হইতে তাঁহাকে উঠিতে হইবে।" কি. মো.-২০০৬: "মৃত্যু থেকে ঈসার জীবিত হয়ে উঠবার যে দরকার আছে পাক-কিতাবের সেই কথা তাঁরা আগে বুঝতে পারেননি।" (ইউহোয়া/ যোহন ২০/৯)

বাইবেল বিশেষজ্ঞরা নিশ্চিত করেছেন যে, মসীহের মৃত্যু থেকে জীবিত হয়ে উঠার প্রয়োজন আছে বলে পাক-কিতাবের কোথাও বলা হয়নি।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14225

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন